গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত মার্চ, ২০২৪-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৪ মার্চ ২০২৪ |
| সভার সময় | : | বেলা ১১.১৫টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | : | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য বলেন। উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জনাব মোঃ তৌফিক-ই-লাহী চৌধুরী, যুগ্মসচিব সুরক্ষা সেবা বিভাগে সম্প্রতি যোগদান করেছেন। সভাপতি নবযোগদানকারী কর্মকর্তাকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। অতঃপর নবযোগদানকারী কর্মকর্তা নিজ পরিচয় প্রদান করেন এবং অর্পিত দায়িত্ব পালনকালে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি তাকে এ বিভাগে স্বাগত জানান এবং অর্পিত দায়িত্ব আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.০ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, ফেব্রুয়ারি, ২০২৪-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১) ফেব্রুয়ারি, ২০২৪-এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |
| ২.১ | **কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধ** : সভাকে জানানো হয়, বর্তমানে করোনাভাইরাসে আক্রান্ত কোন কর্মচারী নেই। সম্প্রতি কোভিড-১৯ আক্রান্তের হার বৃদ্ধি পাওয়ায় সকলকে স্বাস্থ্যবিধি প্রতিপালন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এ ছাড়া ডেঙ্গুরোগ প্রতিরোধে কর্মস্থলের আশে-পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)** |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>২.২</td>
<td>
<u>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদ পুরণ :</u> উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :
কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :
সুরক্ষা সেবা বিভাগ : অনুমোদনকৃত পদ ২৭৭ জন,কর্মরত ২২৪ জন, শূন্যপদ ৫৩ জন।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : অনুমোদনকৃত পদ ৩০৫৯ জন, কর্মরত ১৯০১ জন, শূন্যপদ ১১৫৮ জন (১০ জন অতিরিক্ত কর্মরত যেখানে নার্সিং সুপারভাইজার পদে ২ জন, উচ্চমান সহকারী ১ জন, নমুনা সংগ্রহকারী ১ জন, টেবুলেটর ১ জন, নিরাপত্তা প্রহরী ৫ জন কর্মরত, কিন্তু পদগুলোতে যারা কর্মরত তাদের পদোন্নতি, পিআরএল বা কোন কারণে শূন্য হলেই বিলুপ্ত হবে)
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : অনুমোদনকৃত পদ ১৫৩০ জন, কর্মরত ১১৮০ জন, শূন্যপদ ৩২১ জন (পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬টি, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : অনুমোদনকৃত পদ ১৪,৫১৫ জন,কর্মরত ১৩,৮০৯ জন, শূন্যপদ ৭০৬ জন।
কারা অধিদপ্তর : অনুমোদনকৃত পদ ১২,২৩৮ জন, কর্মরত ১০,৮১৬ জন, শূন্যপদ ১৪২২ জন।
শূন্যপদের বিন্যাস :
<table>
<tr><th>মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা)</th><th>১ম-৯ম গ্রেড</th><th>১০ম গ্রেড</th><th>১১-১৬ গ্রেড</th><th>১৭-২০ গ্রেড</th><th>মোট</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৬</td><td>৬</td><td>৬</td><td>১৫</td><td>৫৩</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>২০১</td><td>১১২</td><td>৭৮১</td><td>৬৪</td><td>১১৫৮</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৭৩</td><td>১৪০</td><td>৭১</td><td>৩৭</td><td>৩২১</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>১০</td><td>৪</td><td>৫৮৬</td><td>১০৬</td><td>৭০৬</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>৪৮</td><td>৭৪</td><td>৩৫৯</td><td>৯৪১</td><td>১৪২২</td></tr>
<tr><td>মোট =</td><td>৩৫৮</td><td>৩৩৬</td><td>১৮০৩</td><td>১১৬৩</td><td>৩৬৬০</td></tr>
</table>
ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :
১ম-৯ম গ্রেড : বিপিএসসি হতে ১৮ জন সহকারী পরিচালকের পদ, ৯ জন রিহেবিলিটেশন অফিসারের পদ, ৮ জন সহকারী রাসায়নিক পরীক্ষকের পদ, ৮ জন সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কারের পদ, ২ জন হিসাবরক্ষকের পদ এবং ১ জন আইন কর্মকর্তার মোট ৬ক্যাটাগরির ৪৬ জনকে বিসিএস নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।
</td>
<td>
১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;
২) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য বিপিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
৩) দপ্তর/সংস্থার জন্য বিপিএসসি হতে সুপারিশ প্রাপ্ত পদসমূহে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। নিয়োগের কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান প্রত্যেক মাসিক সভায় প্রতিবেদন আকারে উপস্থাপন করবেন।
৪) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।
৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাইদের প্রশিক্ষণের জন্য সারদা পুলিশ একাডেমিতে প্রেরণ এবং অস্ত্রসহ প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নিতে হবে।
বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান
</td>
</tr>
</table>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **১০ম গ্রেড :** পিএসসি হতে প্রসিকিউটর পদে ২৫ জন, কাউন্সিলর পদে ১৫ জন এবং মেট্রোন (জুনিয়র) পদে ১ জনসহ মোট ৩ ক্যাটাগরির ৪১ জনকে বিসিএস নন-ক্যাডার হতে সুপারিশ করা হয়েছে।<br><br>**১১-১৭তম গ্রেড :** সিপাই এর ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান আছে।<br><br>**খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**<br><br>**২য়-৯ম গ্রেড :** ৭৩টি শূন্যপদের বিপরীতে ৪৫টি পদের জন্য পিএসসিতে তালিকা প্রেরণ করা হয়েছে। তাছাড়া প্রোগ্রামার-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৬টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-৩টিসহ মোট ১০টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**<br><br>**১০ম গ্রেড ও তদুর্দ্ধ :** পিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>**ঘ) কারা অধিদপ্তর :**<br><br>**২য়-৯ম গ্রেড :** ফিডার পদধারী না থাকায় ১টি কারা উপ-মহাপরিদর্শক পদ, আদালতে মামলা বিচারাধীন থাকায় ১৩টি সিনিয়র জেল সুপার পদে পদোন্নতি এবং ২৩টি জেলার ও উপতত্ত্বাবধায়ক পদে সরাসরি নিয়োগ করা সম্ভব হচ্ছে না।<br><br>**১০ম গ্রেড :** ৬টি পদ সংরক্ষণ রেখে ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য ২১-১১-২০২২ তারিখে পিএসসি বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**১১-১৬ গ্রেড :** ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০ তম বিসিএস এবং ১২টি পদ ৪১তম বিসিএস হতে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরির ১১৭টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে।<br><br>**১৭-২০ গ্রেড :** কারারক্ষী ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী ১৪টি শূন্যপদের নিযোগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৩৮টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। | **(সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান** |
| ২.৩ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন :** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জেলা প্রশাসক সম্মেলন-২০২৩-এ গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে স্বল্পমেয়াদী-১টি, মধ্যমেয়াদী-৬টি এবং দীর্ঘমেয়াদী-৩টি সিদ্ধান্ত ছিল। যার মধ্যে স্বল্পমেয়াদী-১ ও মধ্যমেয়াদী-২টি বাস্তবায়িত হয়েছে। তাছাড়া মধ্যমেয়াদী-৪টি এবং দীর্ঘমেয়াদী-৩টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন পর্যায়ে রয়েছে। জেলাপ্রশাসক সম্মেলন, ২০২২-এ গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে স্বল্পমেয়াদী-১টি, মধ্যমেয়াদী-৪টি এবং দীর্ঘমেয়াদী-৪টি সিদ্ধান্ত ছিল। যার মধ্যে স্বল্পমেয়াদী-১টি, মধ্যমেয়াদী-২টি এবং দীর্ঘমেয়াদী-১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। তাছাড়া মধ্যমেয়াদী -২টি এবং দীর্ঘমেয়াদী-৩টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন পর্যায়ে রয়েছে। সভায় জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২৩-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় সুনির্দিষ্ট তথ্য সহকারে উপস্থাপন করতে হবে। |

-২৫-

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | | **বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৪ | <u>**ক্রয় ব্যবস্থাপনা**</u> : সভায় জানানো হয়, ফেব্রুয়ারি, ২০২৪ এ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ই-জিপিতে ১টি পণ্যের টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ১টি টেন্ডার আহ্বান করা হয়েছে এবং অধিদপ্তরের সকল প্রকার ক্রয় কার্যক্রম ই-জিপিতে সম্পাদন করা হচ্ছে।<br><br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে খুচরা যন্ত্রাংশ সংগ্রহের জন্য ৭টি স্থানীয় উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে। আহ্বানকৃত ৭টি দরপত্রের মধ্যে ইতোমধ্যে ৩টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br><br>• কারা অধিদপ্তরে ফেব্রুয়ারি, ২০২৪ এ আহ্বানকৃত ১টি প্যাকেজসহ মোট ৮টি প্যাকেজের মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। | ১) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করে সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>২) অনলাইন এবং অফলাইনে আহ্বানকৃত টেন্ডারসমূহের তালিকা এবং এর বিপরীতে সংগ্রহ/ক্রয়কৃত পণ্য/সেবা/ওয়ার্কস (কাজ) বিবরণ প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৫ | <u>**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**</u> : সভাকে জানানো হয়, ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মোট সূচক **১৩৯টি** । এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ৪৩টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- ১৭টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৩০টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-২৭টি ও কারা অধিদপ্তর-২২টি। এর মধ্যে বাস্তবায়িত সুরক্ষা সেবা বিভাগ-১৭টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-৯টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৪টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১২টি, কারা অধিদপ্তর-১০টি সর্বমোট **৬২টি**। মোট বাস্তবায়নের হার **৪৪.৬০%**। প্রতি ২ (দুই) মাস অন্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে সভা হয়ে থাকে। এ যাবৎ এ বিষয়ে ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। | ১) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার কর্তৃক অধিদপ্তরের ফোকাল পয়েন্ট এবং এ বিভাগের এপিএ টিমের সদস্যদের নিয়ে নিয়মিত সভা করবেন এবং দিকনির্দেশনা প্রদান করবেন।<br><br>২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমানক সংরক্ষণের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসে |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>দিকনির্দেশনা প্রদান করতে হবে।<br><br>৩) এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.৬</td><td><u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন</u> : সভাকে জানানো হয়, • ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের মোট সূচক ৮১টি। এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট-১৬টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-১৬টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১৬টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৭টি ও কারা অধিদপ্তর-১৬টি। এর মধ্যে বাস্তবায়িত সুরক্ষা সেবা বিভাগ-৫টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-২টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৫টি, কারা অধিদপ্তর-৫টি সর্বমোট ১৯টি। মোট বাস্তবায়নের হার ২৩.৪৬%।</td><td>১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
<tr><td>২.৭</td><td><u>অডিট আপত্তি :</u> উপসচিব (বাজেট-২) সভাকে জানান, অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১০৫টি<br>(NSFI: ৩৯<br>ও SFI ৬৬)</td><td>৪৫</td><td>৩৯</td><td>৬৬<br>NSFI-১৬<br>SFI-৫০</td></tr>
</table></td><td>১) যেসকল আপত্তির ব্রডশিট জবাব এখনো প্রদান করা হয়নি সেসকল আপত্তির ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২) দীর্ঘদিনের পুরাতন</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>প্রিজন</td><td>৫১৬</td><td>৪৮৯</td><td>৩০৩</td><td>২১৩</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৫৮টি<br>(১৭-১৮=১২<br>১৮-১৯=১৩<br>২০-২১=১৭<br>২১-২২=১৬)</td><td>৫৮</td><td>১২<br>(১৮-১৯=০৩) (২০-২১=০৮)<br>(২১-২২=০১)</td><td>৪৬<br>(১২<br>১০<br>০৯<br>১৫)</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১১</td><td>১</td><td>১</td><td>১১</td></tr>
</table>
</td><td>ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.৮</td><td><u>পেনশন :</u> সভাকে জানানো হয়, আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে।</td><td>১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.৯</td><td><u>জেলা পরিদর্শন :</u> সভাকে জানানো হয়, ফেব্রুয়ারি, ২০২৪-এ সুরক্ষা সেবা বিভাগের জনাব শেখ ফরিদ আহমেদ, উপসচিব পিরোজপুর জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস পরিদর্শন করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং তথ্য অধিকারের বিষয়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণে সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে সুপারিশ করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পিরোজপুরে কর্মরত সহকারি পরিচালক তিনটি স্টেশনের দায়িত্ব পালন করায় দুটি অতিরিক্ত দায়িত্বের একটি অতিরিক্ত দায়িত্ব হতে অব্যাহতি প্রদানের জন্য সুপারিশ করেন। তাছাড়া তিনি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পিরোজপুর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) লক্ষ্যমাত্রা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার জন্য গুরুত্বারোপ করেন।<br><br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস (ময়মনসিংহ, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া) পরিদর্শন করেছেন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক নোয়াখালী ফায়ার স্টেশন, নোয়াখালী এবং সোনাইমুড়ি ফায়ার স্টেশন, চট্টগ্রাম পরিদর্শন করেছেন।</td><td>১) প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br><br>৩) পরিদর্শন শেষে ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর দাখিল করতে হবে এবং</td></tr>
</table>

-২২-

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | | অনুলিপি প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১১ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১) জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মচারীদের Need Based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>২) মে, ২০২৪ এর মধ্যে চলতি অর্থবছরের সকল প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১২ | **ওয়েবসাইট হালনাগাদকরণ** : সভাকে জানানো হয়, ফেব্রুয়ারি-২০২৪ এ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১৭৮টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৩৯টি, কারা অধিদপ্তরের ৬৭টি তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করা হয়েছে। | ১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী :** |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান/সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)।</td></tr>
<tr><td>২.১৩</td><td><u>ই-নথি</u> : সভায় ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।<br>
<table>
<tr><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>এসএসডি</td><td>১২৭</td><td>১৫৪২</td><td>১৬৬৯</td><td>৭.৬১%</td><td>৯২.৩৯%</td><td></td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>২৭</td><td>৩৪৯</td><td>৩৭৬</td><td>৭.১৯%</td><td>৯২.৮১%</td><td></td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৩৭</td><td>৩৭৩</td><td>৪১০</td><td>৯.০২%</td><td>৯০.৯৮%</td><td></td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৭৭</td><td>৩৬২</td><td>৪৩৯</td><td>১৭.৫৪%</td><td>৮২.৪৬%</td><td></td></tr>
<tr><td>প্রিজন</td><td>১৪</td><td>৩০৬</td><td>৩২০</td><td>৪.৩৮%</td><td>৯৫.৬৩%</td><td></td></tr>
</table></td><td>১) ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে;<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>২.১৪</td><td><u>ইনোভেশন</u> : সভায় জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী ধারণা নিম্নরূপ :<br>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>উদ্ভাবনী ধারণা</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>এসএসডি</td><td>Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন</td><td>ইতোমধ্যে কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত কারা অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে NTMC কর্তৃক টেস্ট সার্ভারে সফটওয়্যার পরিমার্জনের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। বন্দিদের তালিকা প্রণয়নের কার্যক্রমটি টেস্ট করা হচ্ছে। টেস্টিং কার্যক্রম শেষে লাইভ সার্ভারে কার্যক্রমটি শুরু করা হবে।</td></tr>
</table></td><td>১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনা অনুসারে ইনোভেশনে বর্ণিত সূচকের মান অর্জনে করণীয় নির্ধারণ করতে নির্ধারিত সময় অন্তর অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>উদ্ভাবনী ধারণা</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>প্রিজন</td><td>Digital Store Management System</td><td>সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম ৮৫% সম্পন্ন হয়েছে (সফটওয়্যারটির ড্যাশবোর্ড, এডমিন প্যানেল, আইসিটি ও কারাগার লগইন, আইটেম ইউনিট, ক্যাটাগরি, স্টক ইন ও পারচেজ এর কার্যক্রম সম্পন্ন)।</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>Fire and Rescue Apps</td><td>•অ্যাপসটি বর্তমানে ফায়ার সার্ভিসের গুগল প্লে স্টোরের অ্যাকাউন্টে বিদ্যমান রয়েছে।<br>• i-os ভার্সনের কার্যক্রম চলমান আছে।<br>•১০টি ভবন/স্থাপনা তথ্য Apps এ সংযুক্ত করা হয়েছে।</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ সেবা প্রদানে ৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে। এর আলোকে ইতোমধ্যে ২৬টি সেবা প্রদান করা হয়েছে।</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>Visa Application Tracking Management Software</td><td>Visa application tracking management software এর বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটির টেস্টিং কার্যক্রম চলমান।</td></tr>
</table>
</td><td>কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।</td></tr>
<tr><td>২.১৫</td><td><u>ভিডিও কনফারেন্স</u> : সভায় জানানো হয়, বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ২৪টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।</td><td>১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।</td></tr>
<tr><td>২.১৬</td><td><u>বিভাগীয় ও দেওয়ানী মামলা</u> : সভাকে জানানো হয় : এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৯২টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ২৬টি, মোট মামলার সংখ্যা ৫১৮টি। এর মধ্যে ১৩টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫০৫টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ২টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৪টি, মোট আপিল মামলার সংখ্যা ৬টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা শূন্য, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৬টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এটি/এএটি মামলার সংখ্যা: এটি-১২৬টি ও এএটি-৫৪টি।<br><br>এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৫৯টি, রিট-৩১৬টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ানি-শূন্য, ফৌজদারি- শূন্য।</td><td>১) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং</td></tr>
</table>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | | অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (Cause list) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৭ | **নির্বাচনী ইশতেহার :** সভাকে জানানো হয় যে, বর্তমান সরকারের 'স্মার্ট বাংলাদেশ উন্নয়ন দৃশ্যমান, বাড়বে এবার কর্মসংস্থান নির্বাচনী ইশতেহার-২০২৪' এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগের সভাপতিত্বে একটি সভা ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ১) সরকারের নির্বাচনী ইশতেহারে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট বিষয়/নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৮ | **বিবিধ :** সভাকে জানানো হয় যে, সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ প্রতিবেদনটি সদয় নির্দেশনার জন্য ০৪/০৩/২০২৪ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর দাখিল করা হয়েছে।<br><br>২) এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। | ১) ফি নির্ধারণ/ পুনঃনির্ধারণ বিষয়ে স্টেক হোল্ডারদের সাথে সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>২) প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এ |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | | বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে এবং প্রেরণের তারিখ কার্যপত্রে উল্লেখ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানি কিংবা ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভাপতি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিজেদেরকে পূর্ণাঙ্গরূপে প্রস্তুত করতঃ গণমুখী প্রশাসন নিশ্চিত করতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/3/2024

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২৪.২৬

তারিখ : ১১ চৈত্র ১৪৩০ / ২৫ মার্চ ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

29/03/2024

**মুহাম্মদ শহিদ উল্লাহ**
উপসচিব